দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

085

তারিখ 13 NOV 1988
পৃষ্ঠা 7 কলাম 6



# লুৎফুল হায়দার চৌধুরীর ইন্তেকাল

বিশিষ্ট শিক্ষাবিদ এবং জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লুৎফুল হায়দার চৌধুরী (৫৫) গত শুক্রবার রাত প্রায় পৌনে ১২টায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে আমানত শাহ রোডস্থ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে - - - - রাজেউন)। তিনি স্ত্রী এবং দুই পুত্র সন্তানসহ বহু আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে যান। বায়তুল মোকাররমে নামাজে জানাজার পর বনানী গোরস্থানে তার দাফন করা হয়। মৃত্যু সংবাদ শোনার পর বিশিষ্ট শিক্ষাব্রতী ও বুদ্ধিজীবিগণ তার বাসভবনে গিয়ে শোকসন্তপ্ত পরিবারকে সমবেদনা জানান।

উল্লেখ্য, তিন ভাইয়ের মধ্যে মরহুম চৌধুরীর জ্যেষ্ঠ ভ্রাতা অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরী মুক্তিযুদ্ধের সময় শহীদ হন। দ্বিতীয় ভ্রাতা বিশিষ্ট সাংবাদিক এহতেশাম হায়দার চৌধুরীও ইতিপূর্বে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন।

আগামী ১৫ই নভেম্বর মঙ্গলবার বাদ-আছর ৬৮।১ আমানত শাহ রোডস্থ (পশ্চিম রাজাবাজার) মরহুমের বাসভবনে কুলখানি অনুষ্ঠিত হবে।

দৈনিক 'সংবাদ'-এর সাংবাদিক হিসেবে লুৎফুল হায়দার চৌধুরীর কর্মজীবন শুরু হয়। পরবর্তী পর্যায়ে তিনি শিক্ষা বিভাগে যোগ দেন এবং চট্টগ্রাম কলেজ, রাজশাহী কলেজ, বরিশাল বি,এম কলেজ, তিতুমীর কলেজ প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যাপনার পর খুলনা সরকারী মহিলা কলেজ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজ ও সরকারী শহীদ সোহরাওয়ার্দী কলেজে অধ্যক্ষের দায়িত্ব পালন করেন। তিনি এক সময় বাংলা একাডেমী ও টেক্সট বুক বোর্ডের বিভিন্ন দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি লণ্ডন বিশ্বদ্যালয়ের ইনষ্টিটিউট অব এডুকেশনে 'পাঠ্যপুস্তক রচনা ও প্রকাশনা' সম্পর্কে উচ্চতর শিক্ষা গ্রহণ করেন। ইউনেস্কো ফেলোশীপের অধীনে ব্যাংককে ইউনেস্কোর আঞ্চলিক কেন্দ্রে 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়েও তিনি প্রশিক্ষণ লাভ করেন। গত ১৩ই অক্টোবর তিনি জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব লাভ করেন।

মরহুম চৌধুরী কেন্দ্রীয় কচি কাঁচার মেলা ও নজরুল শিশু শিক্ষালয়সহ বহু প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত ছিলেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

## শিক্ষামন্ত্রীর শোক

শিক্ষা এবং সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণমন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বাংলাদেশ জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লুৎফুল হায়দার চৌধুরীর অকাল মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। খবর তথ্য বিবরণীর।